

সব শিক্ষা অফিস ঘেরাও
কর্মসূচি প্রাথমিকের
প্যানেলভুক্ত শিক্ষকদের
১৫ সেপ্টেম্বরের মধ্যে নিয়োগ দাবি

■ ইত্তেফাক রিপোর্ট ■

দেশের সকল শিক্ষা অফিস ঘেরাওয়ের কর্মসূচি দিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির প্যানেলভুক্ত শিক্ষকরা। আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে এ শিক্ষকদের নিয়োগ না দিলে ১৮ সেপ্টেম্বর এ ঘেরাও কর্মসূচি পালন করবেন তারা।

গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন সংগঠনটির মহাসচিব নাজমুল হক। সম্মেলনে শিক্ষকরা 'পৃষ্ঠা ২ কলাম ১

সব শিক্ষা অফিস
২০ পৃষ্ঠার পর

পুলিশ হানসার বর্ণনা ও তীব্র বিদ্বেষ জনায়। একই মাসে শিক্ষা পরিবারের সংগঠনগুলির নিকট এর সঠিক বিচার দাবি করেন প্যানেলভুক্ত শিক্ষকরা।

এম নাজমুল হক লিখিত বক্তব্য বলেন: গত সেপ্টেম্বর আমাদের পশ্চিমপূর্ব কর্তৃপক্ষের হস্তে করেই পুলিশ হানসা শুরু। এতে সাত শিক্ষক গুরুতর আহত হন। ১৫ শিক্ষককে আটক করা হয়। তিনি বলেন, বেশকিছু রেকর্ডার্ড প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য আমাদের প্যানেলভুক্ত করা হয়েও এখন কোহেতু সবই সরকারীকরণ হয়েছে, তাই আমাদেরও সরকারি হিসেবে নিয়োগ কোনো বাধা দেখছি না। একইসঙ্গে প্যানেলভুক্ত হয়ে প্রায় ১৪ হাজার শিক্ষক চাকরি পেলে সুবিধা কেন পাবে না।

সম্মেলনে জানানো হয়, বেধে দেয়া শর্তগুলির মধ্যে দাবি পূরণ না হলে ঘেরাও কর্মসূচির পর আনুগত্য অবশ্যই কর্মসূচি পালন করা হবে। এ ছাড়া উপস্থিত শিক্ষকরা তাদের নিয়োগের দাবিতে প্রধানমন্ত্রীর সংশ্লিষ্ট সরকারের হস্তক্ষেপ কামনা করেন। সম্মেলনে সংগঠনের সভাপতি অশু সরকার, বিজ্ঞান রহমান, ফারজানা ইয়াসমীন, মোহাম্মদ উদ্দিন, দাবীত আস নানুন প্রমুখ উপস্থিত ছিলেন।